

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৭

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় 'অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

باب الإيمان بالقدر \_ الفصل الثاني

### আরবী

وَعَن أَبِي خزامة عَن أَبِيه قَالَ سَأَلَت رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَرَأَيْتَ رُقًى نَسْتَرْقِيهَا وَدَوَاءً نَتَدَاوَى بِهِ وَتُقَاةً نَتَقِيهَا هَلْ تَرُدُّ مِنْ قَدَرِ اللَّهِ شَيْئًا قَالَ: «هِيَ مِنْ قَدَرِ الله» . رَوَاهُ أَحْمد وَالتِّرْمِذِيِّ وَابْن مَاجَه

#### বাংলা

৯৭-[১৯] আবূ খুযামাহ্ (রহঃ) সূত্রে তার পিতা হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রসূল! আমরা (রোগমুক্তির জন্য) যেসব তন্ত্রমন্ত্র পাঠ করি বা ঔষধ ব্যবহার করে থাকি কিংবা আমরা আত্মরক্ষা করতে যে কোন উপায়ে চেষ্টা করি- এ সকল কি তারুদীরকে কিছু পরিবর্তন করতে পারে? তিনি বললেন, এ সকল কাজও আল্লাহর (পূর্বে নির্ধারিত) তারুদীরের অন্তর্ভুক্ত। (আহমাদ, তিরমিয়ী ও ইবনু মাজাহ্)[1]

### **English**

Chapter: Belief in the Divine Decree - Section 2

Abu Khizama said that his father asked God's messenger, "Tell me whether spells we invoke, medicine we apply and caution we practise can avert anything God has decreed." He replied, "They are a part of God's decree"

Ahmad, Tirmidhi and Ibn Majah transmitted it.

## ফুটনোট

[1] য'ঈফ : আহমাদ ১৪৯২৭, তিরমিয়ী ১৯৯১, ইবনু মাজাহ ৩৪২৮ (য'ঈফ সুনানুত্ তিরমিয়ী)।

ইমাম তিরমিয়ী (রহঃ) তাঁর জামি' আতৃ তিরমিয়ীর ২/৭ নং পৃষ্ঠায় এ হাদীসের হুকুম সম্পর্কে বলেছেনঃ হাদীসটি



হাসান সহীহ। আলবানী (রহঃ) বলেনঃ এ হাদীসের একজন রাবী "আবূ খুযামাহ্" সম্পর্কে ইমাম ইবনু 'আবদুল বার (রহঃ) বলেনঃ তিনি একজন তাবি'ঈ কিন্তু তার হাদীস مُضْطُرِبُ (মুযত্বরিব) তথা যা হাদীস দুর্বল হওযার একটি অন্যতম কারণ। শায়খ আলবানী (রহঃ) হাদীসটি য'ঈফ আত্ তিরমিযীতে দুর্বল বলেছেন।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: মোট কথা হলো আল্লাহ তা'আলা ঘটনা এবং ঘটনার কারণ উভয়টিই সৃষ্টি করেছেন এবং কারণসমূহকে সংগঠিত বিষয়ের সাথে সম্পর্কিত করেছেন। সুতরাং কারণসমূহের বিদ্যমানতায় কোন বিষয় সংগঠিত হওয়াও তারুদীরের অন্তর্ভুক্ত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ খুযামাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন